

## সিলেট ওসমানী মেডিকেল কলেজ ছাত্রদলে যোগ দেওয়ায় দুই কর্মীকে ছাত্রলীগের মারধর

■ সিলেট ব্যুরো  
সংগঠন ছেড়ে ছাত্রদলে যোগ দেওয়ায় সিলেট ওসমানী মেডিকেল কলেজ (সিওমেক) ছাত্রাবাসে অর্ডা ১০ জনকে মারধর করে আহত করেছে ছাত্রলীগ। তাদের মধ্যে গুরুতর আহত অবস্থায় দু'জনকে ওসমানী হাসপাতালে ভর্তি করা হয়। তবে, খবরটি জানাখানি হওয়ায় আহত সক্রয় ও সানিসহ সূকিয়ে ফেলা হয়েছে বলে অভিযোগ করেছে ছাত্রলীগ। হাসপাতালে কর্তৃপক্ষ দাবি করেছে, আহত দু'জন বেহায়া চলে গেছে। গত শনিবার পতীর রাস্তাে নগরীর রিকাবীবাজারে শহীদ ডা. শামসুদ্দিন ছাত্রাবাসে মারধরের এ ঘটনা ঘটে। হামলায় প্রাক্ত, কনক, শ্রীতমসহ আহত অনার্স প্রাথমিক চিকিৎসা নিয়েছেন বলে জানা গেছে। সিওমেক ছাত্রদলের সাধারণ সম্পাদক সানজিদ বেহেদাত সমকালকে জানান, শনিবার রাত আড়াইটার দিকে পার্শ্ববর্তী আবু দিনা ছাত্রাবাস থেকে ছাত্রলীগের কয়েক কর্মী শামসুদ্দিন ছাত্রাবাসে এসে ছাত্রদল কর্মীদের ওপর হামলা চালায়। তিনি অভিযোগ করেন, দু'মত অবস্থায় হামলাকারীরা রক্ত ও দাগিপোতা দিয়ে ছাত্রদল কর্মীদের বেধড়ক মারধর করে। এতে হাত-পা ও মাথায় আঘাতপ্রাপ্ত সানি এবং পায়ে আঘাতপ্রাপ্ত সক্রয়কে তৎক্ষণিক ওসমানী হাসপাতালের জরুরি বিভাগে নেওয়ার পর অবস্থা স্বাভাবিক হওয়ায় তাদের হাসপাতালে ভর্তি করা হয়।

গতকাল সকাল থেকে হাসপাতালে ভর্তি আহত সক্রয় ও সানির কোনো বোধ পাওয়া যাচ্ছে না বলে অভিযোগ করেন সিওমেক ছাত্রদল সভাপতি আমল্যামুল ইসলাম ক্রুপ্ত। বিষয়টি ধামাচাপা দেওয়ার জন্য তাদের সূকিয়ে ফেলা হয়েছে বলে দাবি করেন তিনি। সকালে হাসপাতালে শিকাবীদের জন্য নির্ধারিত কেবিনে

নেওয়া হলে পরে ওখানেও তাদের পাওয়া যায়নি বলে জানান তিনি। শনিবার ডা. নেতা ডা. আহিদ হোসেনের উপস্থিতিতে অনুষ্ঠিত সভায় সক্রয় ও সানিসহ আহত অনার্স ছিল বলেও জানান ওই ছাত্রদল নেতা।

এদিকে ছাত্রদল কর্মীদের ওপর হামলার নিন্দা জানিয়েছেন সিলেট মহানগর ছাত্রদল সভাপতি জিয়াউল গণি আরেফিন জিন্নুর, সাধারণ সম্পাদক নুরুল আমম সিদ্দিকী খালেদ ও জেলার সাধারণ সম্পাদক শৈয়দ সাফেক মাহবুব।